# জাটকা রক্ষায় সবাই এগিয়ে আসুন

- ইলিশ আমাদের জাতীয় মাছ। ৯ ইঞ্চি পর্যন্ত ইলিশ জাটকা নামে পরিচিত। আজকের জাটকাই আগামী দিনের বড় ইলিশ।
- দেশের মোট মৎস্য উৎপাদনে ইলিশের অবদান একক প্রজাতি হিসাবে সবচেয়ে বেশী।
- ১ নভেম্বর থেকে ৩১ মে পর্যন্ত সকল জলাশয় থেকে জাটকা ধরা, বহন, ক্রয়-বিক্রয় বা মজুদ রাখা আইনতঃ দণ্ডনীয় অপরাধ।

প্রথমবার আইন ভংগ করলে কমপক্ষে ১ মাস হতে ৬ মাসের সশ্রম কারাদন্ড তৎসহ সর্বোচ্চ ১০০০/- টাকা জরিমানা এবং পরবর্তী প্রতিবার আইন ভংগ করলে কমপক্ষে ২ মাস হতে ১ বৎসর কারাদন্ড তৎসহ সর্বোচ্চ ২০০০/- টাকা জরিমানা।

- জাটকা রক্ষা কর্মসূচি ও ইলিশ ব্যবস্থাপনা কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা গেলে দেশে ইলিশ উৎপাদন বছরে ৩.০০ লক্ষ মেট্রিক টনে টেকসইভাবে অব্যাহত রাখা সম্ভব।

**আসুন সবার সহযোগিতা ও অংশগ্রহণের মাধ্যমে জাটকা রক্ষা করে দেশের মূল্যবান সম্পদ ইলিশ উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করি।**

প্রচারে ঃ মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ

GFP-139-15/12/08 G-43

# সবার আগে মা ও শিশুর স্বাস্থ্য এবং পুষ্টি নিশ্চিত করুন



## গর্ভবতী মহিলাকে.....

- স্বাভাবিকের চেয়ে একটু বেশি পুষ্টিকর খাবার ও প্রচুর পানি খেতে দিন
- দিনের বেলায় ২ ঘন্টা বিশ্রাম নিতে দিন
- কমপক্ষে ৩বার হাসপাতালে চেকআপ করতে নিন
- কঠিন কাজ ও ভারী বস্তু তোলা থেকে বিরত রাখুন
- গর্ভবতীর যেকোন জটিলতায় দেরী না করে দ্রুত হাসপাতালে নিন





স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

DFP-137-15/12/08 G-41

মাটি বাঁচলে কৃষক বাঁচবে কৃষক বাঁচলে দেশ ও জাতি বাঁচবে

মাটি পরীক্ষার মাধ্যমে সুষম সার প্রয়োগ করে কৃষি উৎপাদন বৃদ্ধি-ই হোক

# মহান বিজয় দিবস এর অঙ্গীকার

কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৃত্তিকা জরিপ ও ভূমি ব্যবহারের জন্য চাহিদা ভিত্তিক কৃষক সেবা ও পরামর্শ প্রদান এবং উদ্ভাবিত লাগসই কৃষি প্রযুক্তি উপকার ভোগীদের দোরগোড়ায় পৌছে দেয়াই

## আমাদের লক্ষ্য



এ লক্ষ্য অর্জনের জন্য আপনিও আমাদের সংগে সক্রিয় অংশ গ্রহন করুন-

সুষম সার প্রয়োগের জন্য ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা ভাল করে পড়ুন। নির্দেশিকা তথ্য/উপাত্ত/মানচিত্র ব্যবহার করুন অধিক হারে ফসল উৎপাদন এবং লাগসই প্রযুক্তি উদ্ভাবন করুন । এ সকল তথ্য/উপাত্ত/মানচিত্র ব্যবহার করে পরিবেশ বান্ধব অবকাঠামো উন্নয়ন করুন।

**মাটি কেন পরীক্ষা করাবেন?**

মাটি পরীক্ষা করালে -
- মাটিতে কোন পুষ্টি উপাদানের অভাব আছে তা জানা যায়।
- মাটিতে কোন সার, কি পরিমান প্রয়োগ করতে হবে তা জানা যায়।
- মাটিতে কি পরিমান জৈব পদার্থ আছে তা জানা যায়।
- মাটির ক্ষারত্ব/অম্লত্ব/লবনাক্ততা জানা যায়।
- মাটির স্বাস্থ্য সংরক্ষণে মৃত্তিকা ব্যবস্থাপনা সহজতর হয়।

**জমিতে সুষম সার কেন ব্যবহার করবেন?**

সুষম সার ব্যবহারে -
- মাটির স্বাস্থ্য ভাল থাকে।
- মাটির উর্বরতা বাড়ে।
- মাটির উৎপাদন ক্ষমতা বাড়ে ।
- শুধু ফসলের ফলনই বাড়ে না বরং উৎপাদন খরচও হ্রাস পায়।
- কৃষি পরিবেশ ভাল থাকে।



স্থায়ী গবেষণাগারে কৃষক কর্তৃক প্রেরিত মৃত্তিকা নমুনাসমূহের ১০টি উপাদান সরকার নির্ধারিত হারে বিশ্লেষণ পূর্বক ফসল/ফসল বিন্যাসের জন্য নিয়মিত সার সুপারিশ করা হয়। বর্তমানে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর ১৬টি স্থায়ী গবেষণাগারসহ ১২টি ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগার (এমএসটিএল) যথা-পদ্মা, মেঘনা, যমুনা, তিস্তা, রূপসা, তিতাস, ব্রহ্মপুত্র, কীর্তনখোলা, সুরমা, কর্ণফুলী, করোতোয়া ও মধুমতি-এর মাধ্যমে কৃষকসেবা কার্যক্রম জোরদার করা হয়েছে।



মাটি পরীক্ষার কর্মসূচী পূর্ব থেকেই রেডিও, টেলিভিশন, পত্রিকা ও উপজেলা কৃষি অফিসের মাধ্যমে কৃষকদের অবহিত করানো হয়। এছাড়া মাটি সংগ্রহ পদ্ধতি সম্পর্কে ও সুষম সার ব্যবহারের উপর কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। সরেজমিনে ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষাগার-এর মাধ্যমে নাইট্রোজেন,ফসফরাস,পটাশিয়াম ও গন্ধক এ চারটি পুষ্টি উপাদানসহ এবং মাটির অম্লত্ব-ক্ষারত্ব এবং লবণাক্ততা নির্ণয় করা হয়। ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারে মাটি বিশ্লেষণের জন্য কৃষকের নিকট হতে মাত্র ২৫.০০ টাকা বিশ্লেষণ ফি গ্রহণ করা হয়।



**আপনি কি আপনার জমিতে ফসলের উৎপাদন বাড়াতে চান ?**

- তাহলে আজই আপনার জমির মাটি মৃত্তিকা পরীক্ষা গবেষণাগারে পরীক্ষা করে সুষম সার ব্যবহার করুন।

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা ভবন, কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।

DFP-138-15-12/08 G-44

কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য নিরাপত্তা অর্জিত হোক

# মহান বিজয় দিবসের অঙ্গীকার

কৃষির আধুনিক ও লাগসই প্রযুক্তি ব্যবহার করে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি বাংলার ঘরে ঘরে পৌঁছে দেয়াই

## — আমাদের তথ্য সেবার লক্ষ্য —

**কৃষির আধুনিক প্রযুক্তি সম্পর্কে জানতে -**

মাসিক কৃষিকথা পড়ুন। কৃষিকথা'র গ্রাহক হোন। গ্রাহক চাঁদা বার্ষিক ডাক খরচসহ মাত্র ৪০.০০ টাকা। গ্রাহক হবার ঠিকানাঃ পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫। কৃষিকথায় কৃষি বিষয়ক মানসম্মত লেখা দিন।





বাংলাদেশ বেতারের জাতীয় অনুষ্ঠান দেশ আমার মাটি আমার প্রতিদিন সন্ধ্যে ৭-০৫ মিনিটে শুনুন। এছাড়া প্রতিদিন সকাল, বিকেল ও সন্ধ্যায় প্রচারিত আঞ্চলিক অনুষ্ঠানসমূহ নিয়মিত শুনুন এবং কৃষির আধুনিক ও লাগসই প্রযুক্তি সম্পর্কে ধারণা নিন।

বাংলাদেশ টেলিভিশনের কৃষি বিষয়ক জাতীয় অনুষ্ঠান মাটি ও মানুষ প্রতি রবি ও বুধবার সন্ধ্যে ৭-০৫ মিনিটে এবং প্রতি শনি, সোম ও মঙ্গলবার দুপুর ১-৩০ মিনিটে দেখুন এবং কৃষি উন্নয়নে অংশ নিন। এছাড়া প্রতি সোমবার রাত ৮-৩৫ মিনিটে কৃষি বিষয়ক বিশেষ অনুষ্ঠান কৃষি দিবানিশি দেখুন।





কৃষি তথ্য সার্ভিস-এর ভ্রাম্যমাণ চলচ্চিত্র ইউনিটের মাধ্যমে গ্রাম বাংলায় প্রচারিত কৃষি বিষয়ক প্রামাণ্য চলচ্চিত্র নিজে দেখুন, অন্যকে দেখতে উৎসাহিত করুন। বিনোদনের মাধ্যমে কৃষি প্রযুক্তি গ্রহণ করুন।

যোগাযোগের ঠিকানা : পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
ফোন : ৯১১২২৬০, ফ্যাক্স : ৮৮০-২-৯১১৬৭৬৮
ই-মেইল : dirais@ais.gov.bd, ওয়েবসাইট : www.ais.gov.bd

কৃষি তথ্য সার্ভিস
কৃষি মন্ত্রণালয়

DFP-142-15/12/08 G-40